এক ওভারে ৩৫ রান

প্যাট কামিন্স বল হাতে ২ উইকেট নিলেও রান দিয়েছিলেন ৪৯ রান। যা বাকি বোলারদের চেয়ে অনেক বেশি। ব্যাট হাতে পুষিয়ে দিলেন এই অলরাউন্ডার।

প্রথমে ব্যাট করে মুম্বাই তুলেছিল ১৬১/৪। কামিন্সের কল্যাণে কলকাতা ২৪ বল বাকি থাকতেই ম্যাচ জিতে গেল।

একটা সময় মনে হচ্ছিল মুম্বাই গাঁট বোধহয় এবারও থেকে যাবে কলকাতার। কিন্তু একজনই এসে গোটা চিত্রনাট্য বদলে দিলেন। ঘটনাচক্রে বুধবারই প্রথমবার মৌসুমের প্রথম ম্যাচ খেললেন তিনি। অস্ট্রেলিয়ার প্যাট কামিন্স কলকাতার হয়ে প্রথম ম্যাচে নেমেই নায়ক হয়ে গেলেন। তবে বল হাতে নয়, ব্যাট হাতে।

১৫ বলে ৫৬! অর্ধশতরান এলো ১৪ বলে। ১৫ ওভারের পর কলকাতার জেতার জন্য দরকার ছিল ৩৫ রান। কেউ ভাবতেও পারেননি পরের ওভারেই কলকাতা জিতে যাবে।

কমিন্সের ১৫ বলে ৫৬ রানের টর্নেডো ইনিংসে ভর করেই ৪ ওভার হাতে রেখে মুম্বাইয়ের ১৬২ রানের লক্ষ্য তাড়া করে ফেলেছে কলকাতা নাইট রাইডার্স। কামিন্স এই ১৫ বলের মধ্যে ১০টিকেই পরিণত করেছেন বাউন্ডারিতে। ৪ চারের সঙ্গে হাঁকান ৬টি ছক্কা।

ওই ৬ ছক্কার চারটি আবার এসেছে এক ওভারে। ১৬তম ওভারে ডানহাতি পেসার ড্যানিয়েল স্যামস যখন বল হাতে নিয়েছেন, কলকাতার দরকার ৩০ বলে ৩৫। ওই ৩৫ রানই এক ওভার থেকে নিয়ে নিয়েছেন কামিন্স!

দেশে ফিরছেন তাসকিন-শরিফুল

আগামী শুক্রবার পোর্ট এলিজাবেথে শুরু হতে যাওয়া দক্ষিণ আফ্রিকার বিপক্ষে সিরিজের দ্বিতীয় ও শেষ টেস্টে অংশ নিবে বাংলাদেশ দল।

সিরিজের দ্বিতীয় টেস্টে খেলা হচ্ছে না দেশের গতিময় পেসার তাসকিন

আহমেদ ও তরুণ পেসার শরিফুল ইসলামের। বিষয়টি নিশ্চিত করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

ডারবান টেস্টে ডান কাঁধে ব্যথা পেয়েছেন তাসকিন। যে কারণে সিরিজের দ্বিতীয় টেস্টে তার খেলা সম্ভব হচ্ছে না।

তাসকিনের মতো একই অবস্থা তরুণ পেসার শরিফুলের। অনুশীলনে বাম পায়ের গোড়ালির লিগামেন্টে চোট পেয়েছেন তিনি।

পুনর্বাসন প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে জাতীয় দলের জন্য প্রস্তুত করতে মঙ্গলবার দেশে ফেরার কথা রয়েছে তাসকিন ও শরিফুলের।

তাসকিন-শরিফুলের চোট নিয়ে জাতীয় দলের ফিজিও বায়েজেদুল ইসলাম বলেন, প্রথম টেস্টের দ্বিতীয় দিনের খেলায় ডান কাঁধে ব্যথা পেয়েছেন তাসকিন। যে কারণে তার নড়াচড়া করতে খুব অসুবিধা হচ্ছে। তাকে পুরোপুরি সুস্থ হতে তিন সপ্তাহ সময় লাগতে পারে।

শরিফুলের চোট নিয়ে ফিজিও বলেন, শরিফুল ২৯ মার্চ অনুশীলনের সময় বাম পায়ের গোড়ালিতে ব্যথা অনুভব করেন। তার একটি এমআরআই করা হয়েছে। তার লিগামেন্ট ইনজুরি রয়েছে। সে ইতিমধ্যেই পুনর্বাসন শুরু করেছে। সম্ভবত এই মাসের শেষের দিকে আবার সে অনুশীলন শুরু করতে পারবে।

বিশ্বকাপ ফাইনালে রানের পাহাড় গড়ল অস্ট্রেলিয়া

নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চে চলছে নারী বিশ্বকাপের ফাইনাল ম্যাচ। শিরোপার লড়াইয়ে আগে ব্যাট করে রানের পাহাড় গড়েছে অস্ট্রেলিয়া। ইংল্যান্ডের বোলারদের তুলোধোনা করে নির্ধারিত ৫০ ওভারে ৫ উইকেট হারিয়ে ৩৫৬ রান করেছে অসি মেয়েরা।

এতো বড় সংগ্রহে অন্যতম অবদান অসি ওপেনার ও উইকেটরক্ষক অ্যালিশা হ্যালির। ১৩৮ বলে ২৬ বাউন্ডারিতে ১৭০ রানের ইনিংস খেলেছেন তিনি।

ওপর ওপেনার র্যাচেল হাইনেস ও ওয়ানডাউনে নামা বেথ মনিও কম যাননি। র্যাচেল করেন ৯৩ বলে ৬৮ রান। ৪৭ বলে ৬২ রানের ঝড়ো ইনিংস খেলেন বেথ মনি।

এ তিন ব্যাটার সাজঘরে ফিরে গেলে অবশ্য বাকি ব্যাটাররা সুবিধা করতে পারেননি। তারা শুধু আসছেন আর গেছেন। তবে যা করে দিয়ে গেছেন টপঅর্ডারের তিন ব্যাটার।

এ তিনজনের ব্যাট থেকেই এসেছে ৩১৮ রান। পরের ৩৮ রান করতেই ২ উইকেটে পড়ে যায়।

ইংল্যান্ডের হয়ে ১০ ওভারে ৪৬ রানের খরচায় ৩ উইকেট শিকার করেছেন অ্যানিয়া শ্রুবসোল। ১০ ওভারে ৭১ রান দিয়ে একটি উইকেট পেয়েছে সোফি একলেস্টন।

৩৫৭ রানের লক্ষ্যে ব্যাট হাতে নেমেছে ইংল্যান্ড।

দর্শনায় নবীন-প্রবীণ প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত

দর্শনায় নবীন-প্রবীণ প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিকালে দর্শনা সরকারী কলেজ মাঠে নবীন-প্রবীণ দলের মধ্যে এ প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর প্রবীণ কমিটির আয়োজনে আয়োজিত খেলায় নবীণদের হারিয়ে ৩-০ গোলে বিজয়ী হয়েছেন প্রবীণ দল।

উভয় দলে অংশ নেয়, খালেকুজ্জামান, মোশারফ হোসেন, আব্দুর রহমান, মজিবর, বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, মুন্নাফ, হাবিবুল্লাহ ড্রাইভার, হয়দার, জুলু ও কাশেম। খেলা পরিচালনা করেন, আলো, সংগ্রাম ও মিলন।

উপস্থিত ছিলেন, প্রবীন কমিটির সভাপতি সাবেক উপাধ্যক্ষ মোশারফ হোসেন, সাধারন সম্পাদক আকমত আলী, দর্শনা পৌর কাউন্সিলর ও

রেলবাজার দোকান মালিক সমিতির সাধারন সম্পাদক সাবির হোসেন মিকা, মিরাজুল ইসলাম মিরাজ।

দামুড়হুদার মোক্তারপুর ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

দামুড়হুদার মোক্তারপুর ক্রিকেট টুর্নামেন্ট ২০২১/২২এর ফাইনাল খেলা সম্পন্ন হয়েছে। শুক্রবার বিকেলে মোক্তারপুর ঈদগা মাঠে খেলাটি অনুষ্ঠিত হয়।

জানা যায়, দামুড়হুদার মোক্তারপুর যুবসমাজের আয়োজনে ফাইনাল খেলায় দামুড়হুদা বনানীপাড়া একাদশ বনাম মেহেরপুর জেলার আমঝুপি বয়েজ একাদশ দুটি দল আংশগ্রহণ করে।

খেলার নিদৃষ্ট ১৩ওভারের বিনিময়ে ব্যাট করতে মাঠে নামে আমঝুপি বয়েজ একাদশ। ৭উইকেটের বিনিময়ে ১৮৯রান সংগ্রহ করে আমঝুপি বয়েজ একাদশ।

১৯০ রানের ট্যার্গেট নিয়ে ব্যাট করতে মাঠে নামে দামুড়হুদা বনানীপাড়া একাদশ। ৮উইকেটের বিনিময়ে ১২৫রান সংগ্রহ করে।

খেলা শেষে চ্যাম্পিয়ন দল ও রানারআপ দলকে পুরষ্কার তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলির সভাপতিত্বে পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আ:লীগের সাধারণ সম্পাদক ইউসুফ আলি। এসময় অতিথি ছিলেন মোক্তারপুর নিম্ম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বখতিয়ার হোসেন, ৮◌ং ওয়ার্ড আ:লীগের সভাপতি সুলতান আহম্মেদ, আ:নেতা মমজেদ আলি।

খেলায় আম্পেয়ারের দায়িত্বে ছিলেন কাজেম আলি, সহকারি আম্পেয়ার ছিলেন সাগর,শফি। খেলায় ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার পান আমঝুপি বয়েজ একাদশের হাবিবুল্লা, ম্যান অফ দ্যা সিরিজের পুরষ্কার পান দামুড়হুদা বনানীপাড়া একাদশের জয়।

খেলাটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন ৮নং ওয়ার্ড আ:লীগের সাধারণ সম্পাদক সাইদুর রহমান টোকন, আবু বক্কর সিদ্দিক,ওয়াসিম আলি। ধারাভাষ্যে ছিলেন মিজানুর রহমান ও আব্দুল আলিম।

খেলায় পুরষ্কার বিতরণী অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহম্মেদ রিংকু।

বিমান থেকে নেমেই সাংবাদিকের যে প্রশ্নে মেজাজ হারালেন সাকিব

পরিবারের সবাই অসুস্থ। দক্ষিণ আফ্রিকার বিপক্ষে প্রথমবারের মতো ২-১ এ সিরিজ জিতে ঢাকায় ফিরলেন সাকিব আল হাসান।

বিমান থেকে নেমেই সাংবাদিকদের মুখোমুখি হলেন এ অলরাউন্ডার। মলিন মুখে জানালেন পারিবারিক বিষয় নিয়ে বলতে চান না।

তাই সাংবাদিকরা টানলেন অন্য প্রসঙ্গ। আর তাতেই মেজাজ হারালেন বিশ্বসেরা অন্যতম অলরাউন্ডার।

দক্ষিণ আফ্রিকায় ঐতিহাসিক ওয়ানডে সিরিজ জয়ে সবচেয়ে বেশি অবদান পেসার তাসকিন আহমেদের। গোটা সিরিজেই দাপট দেখিয়ে হয়েছেন সিরিজসেরা। সিরিজ নির্ধারণী শেষ ম্যাচে ৫ উইকেট নিয়ে ইতিহাস গড়েছেন তাসকিন। অপর দুই পেসার মোস্তাফিজুর রহমান ও শরিফুল ইসলামও ভালো পারফরম করেছেন।

দক্ষিণ আফ্রিকায় সিরিজ জয়ে পেসারদের এ অনন্য ভূমিকার প্রসঙ্গ টেনে সাংবাদিকরা সাকিবকে জিজ্ঞেস করেন, বিদেশে ভালো করলেন

কিন্তু ঘরের মাঠে সেভাবে সুবিধা করতে পারছেন না বাংলাদেশি পেসাররা?

এমন প্রশ্নে রীতিমতো মেজাজ হারালেন সাকিব। উল্টো প্রশ্নকর্তার ক্রিকেট জ্ঞান নিয়ে সমালোচনা করলেন। পরিসংখ্যান তুলে ধরে জবাব দিলেন সাকিব।

সাংবাদিককে সাকিব বলেন, ‘জানি না আপনি কোন জায়গা থেকে এটা বলেছেন। আমার ধারণা, আপনি পরিসংখ্যান দেখেন না কিংবা জানেনও না। খেলা সম্পর্কে আইডিয়াটাও একটু কম আছে আপনার। আপনি পেস বোলারদের পরিসংখ্যান দেখেন। তার পর এটা নিয়ে প্রশ্ন করেন। পরিসংখ্যান দেখুন— দেশের মাটিতে গত ১, ২ ও ৩ বছরে আমাদের পেস বোলাররা কত ভালো করেছে।’

সাকিব নিজেই পরিসংখ্যান দেন, ‘গত সিরিজেও (আফগানিস্তান দলের বাংলাদেশ সফর) তো স্পিনারদের চেয়ে পেসাররা বেশি উইকেট পেয়েছে। ঘরের মাঠে সবচেয়ে বেশি স্ট্রাইকরেট সম্ভবত মোস্তাফিজের। এ রকম একজন বোলার আছে। তাসকিন ভালো করছে, শরিফুল ভালো করছে, সাইফউদ্দিন যখন খেলেছে ভালো করেছে। যে যখন সুযোগ পেয়েছে সবাই ভালো বোলিং করছে। পেস বোলারদের প্রতি এখন টিম ম্যানেজমেন্ট ও খেলোয়াড়দের অনেক বেশি আস্থা আছে। পেস বোলাররা সেই প্রতিদানও দিচ্ছে।’

তৃতীয় ওয়ানডেতে টস হেরে ফিল্ডিংয়ে বাংলাদেশ

আরও একটি মাইলফলকের সামনে দাঁড়িয়ে বাংলাদেশ দল। দক্ষিণ আফ্রিকার মাঠে গত ২০ বছরের জয়ের খরা এবার কাটাল টাইগাররা।

দীর্ঘদিন পর দক্ষিণ আফ্রিকা ক্রিকেট দলকে তাদের মাঠে হারাল বাংলাদেশ। তিন ম্যাচের ওয়ানডে সিরিজের প্রথম খেলায় ৩৮ রানে হারায় সাকিব-তামিমরা।

আফ্রিকার মাঠে প্রথমবার জয়ের পাশাপাশি সিরিজ জয়ের সুযোগ রয়েছে। আজ সেই মাহেন্দ্রক্ষণ এসেও যেতে পারে।

অঘোষিত ‘ফাইনালে’ তামিম ইকবালের নেতৃত্বাধীন দলটি যদি প্রত্যাশার চেয়ে ভালো ক্রিকেট খেলতে পারেন তাহলে হয়ে যেতে পারে আরো একটি ইতিহাস।

বুধবার দক্ষিণ আফ্রিকার সেঞ্চুরিয়নে ইতিহাস গড়ার হাতছানির তৃতীয় ওয়ানডেতে টস হেরে ফিল্ডিংয়ে বাংলাদেশ দল।

বিশ্বকাপে ভারতকে হারাতে বাংলাদেশের দরকার ২৩০

প্রথমবারের মতো নারী ওয়ানডে বিশ্বকাপ খেলতে গিয়ে পাকিস্তানকে হারিয়েছে বাংলাদেশ। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষেও চলে গিয়েছিল জয়ের একেবারে দ্বারপ্রান্তে। টুর্নামেন্টে আজ বাংলাদেশের প্রতিপক্ষ ভারত। ওয়ানডে বিশ্বকাপে প্রথম দেখাতেই ভারতকে হারাতে নিগার সুলতানাদের করতে হবে ২৩০ রান।

নিউজিল্যান্ডের হ্যামিল্টনে টসে জিতে আগে ব্যাট করে নির্ধারিত ৫০ ওভারে ৭ উইকেটে ২২৯ রান সংগ্রহ করেছে ভারত। শুরুটা দুর্দান্ত ছিল ভারতের। উদ্বোধনী জুটিতে ১৫ ওভারের আগেই ৭৪ রান তুলে ফেলে তারা। এরপর স্মৃতি মান্দানাকে ফিরিয়ে বাংলাদেশকে প্রথম সাফল্য এনে দেন নাহিদা আক্তার। মান্দানার ব্যাট থেকে আসে ৫১ বলে ৩০ রান।

১৬তম ওভারে ভারতের ইনিংসে জোড়া আঘাত হানেন রিতু মনি। ওভারের তৃতীয় ও চতুর্থ বলে ফেরান শেফালি ভার্মা ও অধিনায়ক মিতালি রাজকে। ৪২ বলে ৪২ রান করা শেফালি ফেরেন স্ট্যাম্পিং হয়ে। ক্রিজের এসেই প্রথম বলে কাভারে ক্যাচ তুলে দেন মিতালি।

এরপর যতিকা ভাটিয়ার ৫০, পূজা বস্ত্রাকরের অপরাজিত ৩০, স্নেহ রানার ২৭ ও রিচা ঘোষের ২৬ রানে ভর করে ৫০ ওভার শেষে ২২৯ রানে স্কোর পায় ভারত। বাংলাদেশের পক্ষে রিতু মনি ৩৭ রানের বিনিময়ে

তিনটি উইকেট লাভ করেন। নাহিদা খাতুনের শিকার দুই উইকেট।

ঝড় তুলে সেঞ্চুরি হাঁকালেন শামীম পাটোয়ারী

চমক দেখিয়ে জাতীয় দলে জায়গা পেয়েছিলেন অলরাউন্ডার শামীম হোসেন পাটওয়ারী। শুরুর দিকে ভালো পারফর্মও করেন। পরে সেভাবে রান না পাওয়ায় জাতীয় দল থেকে ছিটকে পড়েন। দক্ষিণ আফ্রিকা সফরে স্কোয়াডে ঠাঁই হয়নি এ মারকুটে ব্যাটারের। তবে এতোদিন পর স্বরূপে ফিরলেন শামীম।

ঢাকা প্রিমিয়ার লিগে দ্বিতীয় ম্যাচেই ঝড় তুললেন ২১ বছর বয়সি এ তরুণ। সাভারের বিকেএসপিতে তিন নম্বর মাঠে সোমবার সিটি ক্লাবের বোলারদের তুলোধোনা করে ছাড়লেন শামীম।

৬৩ বলে ১৩ চার ও ৩ ছয়ের মারে সেঞ্চুরি হাঁকালেন তিনি। ৪১ বলে প্রথম ফিফটির পর পরের পঞ্চাশ করতে মাত্র ২২ বল খরচ করেন তিনি। তার তাণ্ডবে নির্ধারিত ৫০ ওভারে ৫ উইকেট হারিয়ে ৩০৯ রানের বিশাল সংগ্রহ পেয়েছে আবাহনী লিমিটেড।

শুরুতে ১০ বলে ৩ রানে আউট হন মুনিম শাহরিয়ার। এরপর নাইম শেখ ৫১ বলে ৩৭ ও তৌহিদ হৃদয় ৭১ বলে ৪৬ রানের ইনিংস খেলেন। এরপর নাজিবউল্লাহ জাদরান ১২ ও মোসাদ্দেক হোসেন সৈকত ২৪ রান করে সাজঘরে ফিরে যান। ফলে ১৩৮ রানেই ৫ উইকেট হারিয়ে ফেলে আবাহনী।

সেখান থেকে ষষ্ঠ উইকেটে জাকের আলি অনিকের সঙ্গে ২০.৩ ওভারে ১৭১ রানের বিশাল জুটি গড়েন দলকে বড় সংগ্রহ গড়ে দেন শামীম পাটোয়ারী।

মঈন আলীকে আইপিএল খেলার ভিসা দিচ্ছে না ভারত

আইপিএল-২২ শুরু হতে আর এক সপ্তাহও বাকি নেই। প্রথম ম্যাচেই কলকাতা নাইট রাইডার্সের (কেকেআর) মুখোমুখি হবে চেন্নাই সুপার কিংস (সিএসকে)।

কিন্তু এখনবধি ভারতে এসে পৌঁছতে পারেননি চেন্নাই দলের গুরুত্বপূর্ণ পারফরমার মঈন আলী। যদিও অনেকদিন আগেই ভিসার জন্য আবেদন করেছেন এ ইংলিশ অলরাউন্ডার। তার সেই আবেদন আটকে গেছে ইংল্যান্ডের ভারতীয় হাই কমিশনে।

বিষয়টি নিয়ে মহা চিন্তায় পড়েছে সিএসকে ম্যানেজমেন্ট। প্রথম ম্যাচে অভিজ্ঞ তারকাকে না পাওয়ার শঙ্কায় ভুগছে ফ্রাঞ্চাইজিটি। সেই শঙ্কার কথা জানিয়ে চেন্নাই সুপার কিংসের প্রধান নির্বাহী কাশি বিশ্বনাথন শনিবার বলেন, ‘মঈন আলি ২৮ ফেব্রুয়ারি ভিসার জন্য কাগজপত্র জমা দিয়েছিল। তারপর ২০ দিন হয়ে গিয়েছে। তা সত্ত্বেও ছাড়পত্র পাচ্ছে না। অথচ তিনি প্রায়ই ভারতে আসেন। ’

এরপরও আশাবাদী কাশি বিশ্বনাথন। বলেন, ‘আমরা আশা করছি মঈন আলি শিগগিরই দলে যোগ দেবেন। ছাড়পত্র হাতে পেলেই পরের বিমানে ভারতের উদ্দেশে রওনা দেবেন বলে জানিয়েছেন মঈন। বিসিসিআইও এ বিষয়ে আমাদের সাহায্যের জন্য এগিয়ে এসেছে। আশা করছি সোমবারের মধ্যে ও ছাড়পত্র পেয়ে যাবে।’

এ মৌসুমের নিলামের আগে মঈন আলিকে ৮ কোটি টাকায় ডিরেক্ট সাইনিংয়ে দলে ভেড়ায় সিএসকে।

তথ্যসূত্র: হিন্দুস্তান টাইমস